ভোরের কাগজ ৩০

তারিখ ... 25 APR 1998

পৃষ্ঠা ৮ কলাম ৭

সার্ক তথ্যমন্ত্রীদের সম্মেলন উপলক্ষে সংবাদ সম্মেলন

# বাংলাদেশ সুনির্দিষ্ট ৬টি প্রস্তাব রাখবে : তথ্য প্রতিমন্ত্রী

কূটনৈতিক প্রতিবেদক : তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ বলেছেন, সার্ক তথ্যমন্ত্রীদের সম্মেলন সার্কভুক্ত দেশগুলোর মধ্যে তথ্য আদান-প্রদান আরো জোরদার করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এবং শক্তিশালী ভূমিকা রাখবে। তিনি বলেন, ৮ দফা এজেন্ডা নিয়ে সম্মেলনে আলোচনা হবে, তবে এই সম্মেলনে বিবেচনার জন্য বাংলাদেশ সুনির্দিষ্ট ৬টি প্রস্তাব রাখবে। বাংলাদেশের এই প্রস্তাবগুলো গৃহীত হবে বলে আমরা আশাবাদী।

আজ থেকে শুরু হওয়া সার্ক তথ্যমন্ত্রীদের দুদিনের সম্মেলন উপলক্ষে গতকাল শুক্রবার রাজধানীর হোটেল শেরাটনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী একথা বলেন। সংবাদ সম্মেলনে তথ্য মন্ত্রণালয়ের সচিব এম, আকমল হোসেইন উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ বলেন, সার্ক তথ্যমন্ত্রীদের প্রথম সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হওয়ার বিষয়টি আমাদের জন্য অত্যন্ত গৌরবের। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সম্পর্ক সুদৃঢ় করার ক্ষেত্রে এই সম্মেলন আরেকটি মাইলফলক হিসেবে কাজ করবে।

তিনি বলেন, বিশ্বে অবাধ তথ্য প্রবাহের যুগে গণমাধ্যম অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে যার কাছে যতোবেশি তথ্য থাকবে যে ততোবেশি শক্তিশালী। গণমাধ্যমের বিশ্বপ্রবাহে আমরা নিজেদের সংযুক্ত করতে চাই। তিনি বলেন, বাংলাদেশে সংবাদ মাধ্যমের পূর্ণ স্বাধীনতা রয়েছে। বেতার এবং টেলিভিশনকে স্বায়ত্তশাসিত করার প্রক্রিয়া শুরু হয়েছে। আমরা আরো এক ধাপ এগিয়ে বেসরকারি খাতে বেতার ও টেলিভিশন চ্যানেল প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছি। বেসরকারি বেতার প্রতিষ্ঠার জন্য ইতিমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে। অচিরেই বেসরকারি টিভি চ্যানেলের বিজ্ঞাপন প্রকাশিত হবে।

তথ্য প্রতিমন্ত্রী বলেন, সম্মেলনের পর ঢাকা ঘোষণা গ্রহণ করা হবে। এই ঘোষণায় বাংলাদেশের প্রস্তাব থাকবে বলে আমরা আশা প্রকাশ করছি।

তথ্য সচিব আকমল হোসেইন বলেন, সম্মেলনে তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ বাংলাদেশে ৯ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। সম্মেলনে বিবেচনার জন্য তিনি যে প্রস্তাবগুলো দেবেন, সেগুলো হচ্ছে : ১) মিডিয়া প্রডাকশন ইউনিটসহ সার্ক তথ্য কেন্দ্র স্থাপন, (বাংলাদেশে এই কেন্দ্রটি স্থাপনে প্রস্তাব রাখা হবে), ২) সার্ক তথ্য গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন, ৩) সার্ক অঞ্চলের জন্য মিডিয়া ডেভেলপমেন্ট ফান্ড প্রতিষ্ঠা, ৪) প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার মাধ্যমে মিডিয়া এক্সচেঞ্জ প্রোগ্রাম, ৫) রেডিও-টেলিভিশনের অনুষ্ঠান বিনিময় এবং ৬) যৌথ উদ্যোগে বিভিন্ন গণমাধ্যম কর্মসূচি নেওয়া।

এক প্রশ্নের জবাবে তথ্য প্রতিমন্ত্রী বলেন, সার্কভুক্ত দেশগুলোতে সাংবাদিকদের ভ্রমণের জন্য যাতে ভিসার প্রয়োজন না হয়, সে বিষয়টি সম্মেলনের আলোচনায় থাকবে।

# সার্ক তথ্যমন্ত্রী সম্মেলন শুরু হচ্ছে আজ

ঢাকায় আজ শুরু হচ্ছে সার্ক তথ্যমন্ত্রী সম্মেলন। ১৯৮৫ সালে দক্ষিণ এশিয়ার সাতটি দেশ মিলে সার্ক প্রতিষ্ঠিত হওয়ার পর এবারই প্রথম তথ্যমন্ত্রীদের সম্মেলন বসছে। আজ শনিবার সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দুদিনের এ সম্মেলনের উদ্বোধন করবেন। সম্মেলনে যোগদানের উদ্দেশ্য গতকাল শুক্রবার ভারত, শ্রীলঙ্কা ও নেপালের সংশ্লিষ্ট মন্ত্রীরা ঢাকা এসে পৌঁছেছেন। বাসস, ইউএনবি।

গতকাল আগত মন্ত্রীরা হলেন, ভারতের তথ্য ও সম্প্রচারমন্ত্রী মিসেস সুষমা স্বরাজ, শ্রীলঙ্কার ডাক, টেলিযোগাযোগ ও মিডিয়া বিষয়কমন্ত্রী মানগালা সামারাবিরা এবং নেপালের যোগাযোগমন্ত্রী মহন্ত ঠাকুর। ভিন্ন ভিন্ন সময়ে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে ৩ মন্ত্রী পৃথকভাবে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

ভারতীয় মন্ত্রী সুষমা স্বরাজ বলেন, সার্ক তথ্যমন্ত্রীদের এ সম্মেলন দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সাংস্কৃতিক বিনিময় বাড়ানোর মাধ্যমে আঞ্চলিক বন্ধন মজবুত করার পথ দেখাবে। আর এ কাজের জন্য তথ্যমন্ত্রীরাই সঠিক চ্যানেল।

শ্রীলঙ্কান মন্ত্রী মানগালা সামারাবিরা আশা প্রকাশ করে বলেন, দক্ষিণ এশিয়ার যুব সম্প্রদায় 'আকাশ সংস্কৃতির' আগ্রাসন রোধ করে নিজ নিজ দেশজ সংস্কৃতি ও উত্তরাধিকার অক্ষুণ্ন রাখবে ও ঊর্ধ্বে তুলে ধরবে। নেপালি মন্ত্রী বলেন, তথ্যমন্ত্রীদের এ সম্মেলন সার্ক দেশগুলোর মিডিয়ার ক্ষেত্রে জনগণের মাঝে পারস্পরিক যোগাযোগ জোরদার করবে বলে তার বিশ্বাস।

উক্ত ৩ মন্ত্রীর সঙ্গে যার যার দেশের সংশ্লিষ্ট উপমন্ত্রী, সচিব ও ঊর্ধ্বতন কর্মকর্তারাও ঢাকা এসেছেন। অতিথিদের বিমানবন্দরে অভ্যর্থনা জানান তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ ও তথ্যসচিব এম আকমল হোসেন।

● বাংলাদেশ ৬টি প্রস্তাব রাখবে –পৃষ্ঠা ১২